দৈনিক ইত্তেফাক

তারিখ 08 OCT 1993
পৃষ্ঠা ২ কলাম ৬

৭১

# সারাদেশে সরকারী কলেজ শিক্ষকদের কর্মবিরতি পালন

ইত্তেফাক রিপোর্ট ।। রাজবাড়ী সরকারী কলেজের অধ্যক্ষকে ছুরিকাঘাত ও তাঁহার বাস-

( শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

## শিক্ষকদের কর্মবিরতি

(১ম পৃ: পর )

ভবনে হামলাসহ দেশের বিভিন্ন স্থানে কলেজ শিক্ষক ও তাহাদের পরিজনের উপর দুর্বৃত্তদের সন্ত্রাসী হামলার প্রতিবাদে গতকাল (বৃহস্পতিবার) সারাদেশে প্রায় ৩ শত সরকারী কলেজে অধ্যাপক ও প্রভাষকগণ পূর্ণ কর্মবিরতি পালন করে। অধ্যাপক সমিতির নেতা অধ্যাপক এস এম হাতেম আলী জানান, শিক্ষক ছাত্র ও কর্মচারিগণ শিক্ষকদের উপর সন্ত্রাসী হামলা বন্ধের দাবী জানাইয়া সর্বত্র শান্তিপূর্ণভাবে এ কর্মবিরতি পালন করেন। অধ্যাপক ও প্রভাষকগণ দুর্বৃত্তদের সমুচিত শাস্তি প্রদানের জন্য কর্তৃপক্ষকে ত্বরিত ব্যবস্থা গ্রহণের আহ্বান জানান।

বগুড়া রংপুর, ফরিদপুর, রাজবাড়ী, পিরোজপুর ও সন্দ্বীপে প্রতীক কর্মবিরতির মাধ্যমে সরকারী কলেজের শিক্ষকগণ শান্তিপূর্ণভাবে এই কর্মসূচী পালন করেন বলিয়া আমাদের সংবাদদাতাগণ জানান।

### সরকারী তিতুমীর কলেজ

বি,সি,এস সাধারণ শিক্ষা সমিতির আহ্বানে সারা দেশের শিক্ষকদের একাত্মতা ঘোষণা করিয়া সরকারী তিতুমীর কলেজের শিক্ষকগণও গতকাল পূর্ণ কর্মবিরতি পালন করেন। কর্মবিরতি চলাকালে শিক্ষকগণ কলেজের ভাইস প্রিন্সিপালের সভাপতিত্বে এক প্রতিবাদ সভায় মিলিত হন। সভায় গৃহীত সর্বসম্মত সিদ্ধান্তে শিক্ষাঙ্গনে সন্ত্রাস নির্মূল করিয়া শান্তিপূর্ণ পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে শিক্ষাংগনে দলীয় রাজনীতি নিষিদ্ধ করা, আগামী পাঁচ বছরের জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র সংগঠন স্থগিত করা ও দলমত নির্বিশেষে সন্ত্রাসীদের দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়ার দাবী জানান হয়।